

**মুজিববর্ষে আগামী ১৭ মার্চ, ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আমিনুল ইসলাম  
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।  
 স্থান : প্রশাসন ভবনের দ্বিতীয় তলাস্থ সীড ল্যাবঃ  
 তারিখ : ১৫/০৩/২০২০  
 সময় : সকাল ১১:৩০ ঘটিকা।  
 উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় আগামী ১৭ মার্চ, ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গত ০৪/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় একাডেমী কর্তৃক গৃহীত কর্মসূচি বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় যে, ০৮/০৩/২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত এতদসংক্রান্ত সভায় দেশের জনসাধারণের স্বাস্থ্যঝুঁকির বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে জনসমাবেশ পরিহারপূর্বক ১৭ মার্চের অনুষ্ঠান আয়োজনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুশাসন প্রদান করেছেন। এ কারণে জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি এবং মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জনসমাগম ব্যতিরেকে অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা দেয়া হয়েছে। সার্বিক বিষয় পর্যালোচনান্তে পূর্বের গৃহীত কর্মসূচি সংক্ষিপ্ত করে জনসমাগম পরিহারপূর্বক উৎসবমুখর পরিবেশে নিজস্বভাবে সীমিত আকারে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে কর্মসূচিসমূহ (১৭ মার্চ, ২০২০) :**


সময়	বিষয়	স্থান	ব্যবস্থাপনায়
সকাল ৯ঃ০০মিঃ	জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	একাডেমীর প্রশাসন ভবনের বঙ্গবন্ধু মুর্যাল চত্বর	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ
সকাল ৯ঃ১৫মিঃ	আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং মুজিববর্ষের লোগো সম্বলিত পতাকা উত্তোলন	একাডেমীর প্রশাসন ভবন	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ স্কাউট দল।
সকাল ৯ঃ২০মিঃ	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের শুভেচ্ছা বক্তব্য	একাডেমীর প্রশাসন ভবন চত্বর	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ
সকাল ৯ঃ৪০মিঃ	কেক কেটে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন	একাডেমীর প্রশাসন ভবনের বঙ্গবন্ধু মুর্যাল চত্বর	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ
সকাল ৯ঃ৫০মিঃ	রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ	একাডেমীর প্রশাসন ভবনের বঙ্গবন্ধু মুর্যাল চত্বর	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ
সকাল ১০ঃ০০মিঃ	শিশু-কিশোরদের অংশগ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতা	আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণ	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ
সকাল ১০ঃ৩০মিঃ	বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও মুক্তিযুদ্ধ বিষয়ক আলোকচিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণসমূহ প্রচার	আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ মাঠ	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ
দুপুর ১ঃ৩০মিঃ (বাদ যোহর)	পবিত্র কোরআন খতম, দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত।	একাডেমী জামে মসজিদ।	সংশ্লিষ্ট কমিটি এবং আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ

২। জাতির পিতার জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে গত ০৪/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় গঠিত কমিটিসমূহ যথারীতি অর্পিত দায়িত্ব (প্রযোজ্য ক্ষেত্রে) পালন করবে।

৩। এছাড়াও জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক নিম্নের সিদ্ধান্তগুলো গৃহীত হয় :

- (ক) জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরীকৃত থিম সংগীত এর বহুল ব্যবহার করতে হবে।
- (খ) জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে একাডেমী কর্তৃক আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচিসমূহের ভিডিও/তথ্যচিত্র জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ করতে হবে। এলক্ষ্যে সংশ্লিষ্ট উপ-কমিটি তাঁদের কার্যক্রমের স্থিরচিত্র ও ভিডিওচিত্র ধারণপূর্বক সংরক্ষণ করবেন এবং প্রশাসন শাখায় জমা দিবেন।

৪। জাতির পিতার জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপনকে সাফল্যমন্ডিত করার জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ আমিনুল ইসলাম)  
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)